

খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরোর সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২২-২৩ এর কার্যক্রম [১.২] অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভার কার্যবিবরণী (অক্টোবর-ডিসেম্বর, ২০২২)(দ্বিতীয় কোয়ার্টার)

সভাপতি	মোঃ আবুল বাসার সিদ্দিক আকন পরিচালক
সভার তারিখ	২৩-১১-২০২২ খ্রি.
সভার সময়	দুপুর ২.৩০ ঘটিকা
স্থান	বিএমডির সভা কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সিটিজেন চার্টার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা মোসাঃ মাহবুবা খাতুন, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) আলোচ্যসূচি অনুযায়ী সভায় কর্মপরিকল্পনার বিভিন্ন বিষয় নিয়ে আলোকপাত করেন। তিনি জানান বিএমডির সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ অনুযায়ী প্রতি ত্রৈমাসিকে সিটিজেন চার্টার হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোড করার লক্ষ্যমাত্রা রয়েছে। সভাপতি দ্বিতীয় ত্রৈমাসিকে বিএমডির সিটিজেন চার্টার হালনাগাদপূর্বক ওয়েবসাইটে আপলোড এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করেন। তিনি সহকারী পরিচালক (খনি প্রকৌশল) পদে একজন কর্মকর্তা যোগদান করায় ওয়েবসাইটে কর্মকর্তার তালিকা হালনাগাদ করার নির্দেশনা প্রদান করেন। এছাড়া সিটিজেন চার্টার অনুযায়ী সেবাপ্রত্যাশীদেরকে সেবা প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলকে আন্তরিকভাবে কাজ করার নির্দেশনা প্রদান করেন। অতঃপর সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্র.নং	কার্যক্রম/আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	১.১ ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন	সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি ডিসেম্বর/২০২২ মাসে পুনর্গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা
	১.২ ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন	সভাপতির নির্দেশনা অনুযায়ী সিদ্ধান্ত বাস্তবায়ন এবং প্রতিবেদন যথাসময়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়;	ফোকাল পয়েন্ট কর্মকর্তা
	১.৩ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন	বিএমডির যেহেতু আওতাধীন দপ্তর/সংস্থা নেই সেহেতু বিএমডির কর্মকর্তাদের নিয়ে কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে ডিসেম্বর/২০২২ তারিখের মধ্যে সভা আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়;	ফোকাল পয়েন্ট কর্মকর্তা
	১.৪ ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ	সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে দ্বিতীয় ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা

২.	২.১ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ২টি কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রথম প্রশিক্ষণটি ২৩ নভেম্বর ২০২২ তারিখে আয়োজন করা হয়েছে।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা
	২.১ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ ০২ টি সভা আয়োজন	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের অংশগ্রহণে প্রথম অবহিতকরণ সভাটি ৩০-১১-২০২২ তারিখে আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।	ফোকাল পয়েন্ট কর্মকর্তা

৩.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সম্পন্ন করা হয়।



মোঃ আবুল বাসার সিদ্দিক আকন  
পরিচালক


স্মারক নম্বর: ২৮.০৭.০০০০.০০৪.৩৫.০০১.০২.৫১৭

তারিখ: ১৯ অগ্রহায়ণ ১৪২৯  
০৪ ডিসেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার

ক্রমানুসারে নয়) :

- ১) উপসচিব, প্রশাসন-১ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ;
- ২) উপপরিচালক (প্রশাসন/অর্থ ও পরিকল্পনা), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
- ৩) উপপরিচালক (খনি ও খনিজ) (চলতি দায়িত্ব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
- ৪) সহকারী পরিচালক (ভূ-রসায়ন), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
- ৫) সহকারী পরিচালক (খনি প্রকৌশল), উপপরিচালক (খনি ও খনিজ)-এর দপ্তর, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
- ৬) পি.এ টু মহাপরিচালক/পরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি) (মহাপরিচালক/পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৭) অফিস কপি/সংশ্লিষ্ট নথি।



(মোসাঃ মাহবুবা খাতুন)  
সহকারী পরিচালক (ভূতত্ত্ব)